তারিখ ... 01 MAY 2016 ...
পৃষ্ঠা ... ২৪ ... কলাম ... ৬ ...

দৈনিক জনকণ্ঠ

# ফ্রি মেডিক্যাল ক্যাম্প ও সাধারণ জ্ঞান প্রতিযোগিতা

**স্টাফ রিপোর্টার, বগুড়া অফিস ॥** প্রতিবছরের মতো এবারও শিবগঞ্জের আমতলি মডেল স্কুলের সংগ্রহশালাভিত্তিক বাৎসরিক সাধারণ জ্ঞান প্রতিযোগিতা এবং ফ্রি মেডিক্যাল ক্যাম্পের আয়োজন হয়েছে। শুক্রবার দিনভর আশপাশের গ্রামের মানুষের এবারে স্বতঃস্ফূর্ত উপস্থিতি ছিল উল্লেখ করার মতো। বিশেষ করে বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশন (বিএমএ) বগুড়া শাখার সভাপতি ডাঃ মোস্তফা আলম নান্নু ও সাধারণ সম্পাদক রেজাউল আলম জুয়েল, স্বাধীনতা চিকিৎসক পরিষদের (স্বাচিপ) সভাপতি সমির হোসেন মিশুসহ বিশেষজ্ঞ এবং মেডিসিনের অভিজ্ঞ চিকিৎসকের ৫০ জনের দল স্কুল প্রাঙ্গণে ফ্রি মেডিক্যাল ক্যাম্পে অংশ নেয়। আশপাশের গ্রামের প্রায় এক হাজার শিশু নারী-পুরুষ হৃদরোগ, অর্থোপেডিক, গাইনী, চোখ, দাঁত, চর্মসহ নানাবিধ রোগের চিকিৎসা সেবা পায়।

স্কুলে ভাষাসৈনিক বাহাউদ্দিন চৌধুরী পাঠাগারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুর, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম, শিল্পাচার্য জয়নুল আবেদিন, মহাত্মা গান্ধী, আইনস্টাইন, আব্রাহাম লিঙ্কনসহ নানাক্ষেত্রে অবদান রাখা বিশ্ববরেণ্য ৫শ'র বেশি ব্যক্তিত্বের প্রতিকৃতি স্থাপিত হয়েছে। তাদের ওপর সাধারণজ্ঞান প্রতিযোগিতায় সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ১০ জনকে সাইফুল বারী মেধা পুরস্কার ও ক্রেস্ট প্রদান করা হয়। উল্লেখ্য, এই স্কুলের সংগ্রহশালা ও জাদুঘরে বাঙালী ঐতিহ্যের নানা নিদর্শন ঠাঁই পেয়েছে। এই দিনে উল্লিখিত পাঠাগারের বই পড়ে বেশি টাকা উপার্জনকারীদের পাঁচ জনকে পুরস্কৃত করা হয়। প্রাথমিক ও অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের সরকারী বরাদ্দের অর্থ ছাড়াও স্কুলের পক্ষ থেকে এক থেকে দেড় হাজার টাকা পুরস্কার দেয়া হয়।